# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

## নভেম্বর’ 2017

বৃহৎ করদাতা  ইউনিট, মূল্য সংযোজন কর
সেগুনবাগিচা, ঢাকা।

# রাজস্ব লক্ষ্যমাত্রা ও আদায় :

- ২০১৭-১৮ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রা ৫০,৩১২.৮০ কোটি টাকা যা 2016-17 অর্থবছরের মোট আদায় ৩৬,৯৮৩.৫০ কোটি এর তুলনায় ১৩,৩২৯.৩০ কোটি টাকা বা ৩৬.০৪% বেশী।
- নভেম্বর'2017 মাস পর্যন্ত রাজস্ব লক্ষ্যমাত্রা ১৮২১৬.৩৩ কোটি টাকা এবং রাজস্ব আদায় হয়েছে ১৬২৬৪.৭৪ কোটি টাকা। গত বছরের তুলনায় নভেম্বর'২০১৭ মাস পর্যন্ত বেশী আদায় হয়েছে ২৩৯৭.৬৮ কোটি বা ১৭.২৯% বেশী। যা মোট লক্ষ্যমাত্রার ৩২.৩৩%।
- লক্ষ্যমাত্রার তুলনায় কম আদায় হয়েছে -১৯৫১.৫৯ কোটি টাকা (-১০.৭১%)।
- সিগারেট খাতে রাজস্ব ঘাটতি -৭৮৫.৯৮ কোটি টাকা।
- সরকারি প্রতিষ্ঠানের বিপরীতে রাজস্ব ঘাটতি -১০০০.৫৪ কোটি টাকা
- জুলাই'১৭ মাসে জমাকৃত ৪০০ কোটি টাকা যা জুন'১৭ মাসে প্রদর্শিত হয়েছে।

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম/ কর্ম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'১৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ৩. ব্যাংক হিসাবের উপর প্রযোজ্য আবগারী শুল্ক | ব্যাংক হিসাবের উপর আবগারি শুল্ক ১ লক্ষ থেকে ৫ লক্ষ; ৫ লক্ষ থেকে ১০ লক্ষ; ১০ লক্ষ থেকে ১ কোটি; ১ কোটি থেকে ৫ কোটি; ৫ কোটির উর্দ্ধের ক্ষেত্রে আবগারী শুল্ক যথাক্রমে ১৫০, ৫০০, ১৫০০, ৭৫০০ এবং ১৫০০০ টাকার স্থলে ১৫০, ৫০০, ২৫০০, ১২০০০ এবং ২৫০০০ টাকা নির্ধারিত হওয়ায় এ খাতে কার্যক্রমগ্রহণ ও আদায়কৃত অতিরিক্ত আবগারী শুল্কের তথ্য বোর্ডে প্রেরণ। | ২০ আগস্ট | ২০১৬-১৭ অর্থবছরের নভেম্বর'১৬ মাস পর্যন্ত আবগারী শুল্ক খাতে রাজস্ব আদায় হয়েছিল ৪২.৪৩ কোটি টাকা এবং ২০১৭-১৮ অর্থ বছরের নভেম্বর মাস পর্যন্ত আদায় হয়েছে ৪৪.১৩ কোটি টাকা। যা বিগত বছরের তুলনায় ৩.৯৯% বেশী। |
| ৫.বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার মূসক | ১৫০ বর্গফুট এর অধিক আয়তন বিশিষ্ট বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত স্থান ও স্থাপনার ক্ষেত্রে জরিপপূর্বক প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতপূর্বক ভ্যাট আদায় নিশ্চিত করণের কার্যক্রম গ্রহণ ও আদায়কৃত রাজস্ব তথ্য বোর্ডে প্রেরণ করতে হবে। | পরবর্তী মাসের ২০ তারিখ | ২০১৬-১৭ অর্থবছরের সামগ্রিকভাবে নভেম্বর'১৬ মাস পর্যন্ত স্থান ও স্থাপনা খাতে রাজস্ব আদায় হয়েছিল ৪৫.৪৮ কোটি টাকা এবং ২০১৭-১৮ অর্থ বছরের নভেম্বর মাস পর্যন্ত আদায় হয়েছে ৫৩.৭৮ |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-3**

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'1৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| (গ) ১. ঝুকিপূর্ণ প্রতিষ্ঠান | ঝুকিপূর্ণ করদাতা প্রতিষ্ঠানের তালিকা এবং তাদের বিরুদ্ধে গৃহীতব্য কর্ম পরিকল্পনা তৈরী। | ২৫ আগস্ট | ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের তালিকা করা হয়েছে এবং উক্ত ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট প্রযোজ্য মূসক আদায়ের লক্ষ্যে প্রণীত কর্মকৌশল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহন করা হয়েছে। |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-4**

| কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'1৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ২. অফিস পরিদর্শন | ঊর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক প্রতি মাসে অন্তত এক বার কমিশনারেট হেড কোয়ার্টারের বিভিন্ন শাখা, বিভাগীয় অফিস ও সার্কেল নিয়মিত পরিদর্শন করা। | মাসিক প্রতিবেদন প্রতি মাসের ৫ তারিখ | বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তর ৬টি বিভাগ এর সমন্বয়ে গঠিত। এ দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য অতিরিক্ত কমিশনার নিয়মিত বিভাগগুলো পরিদর্শন করেন। এ দপ্তরের শাখাসমূহের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে নিয়মিত মনিটরিং করেন। এছাড়া ঊর্ধ্বতন কর্মকর্তাগণ তাঁর অধীনস্থ বিভাগ/সার্কেল/শাখাসমূহ নিয়মিত পরিদর্শন করেন। |
| ৩. কর্মকর্তাদের প্রশিক্ষণ। | অফিস প্রসিডিউর, মূসক আইন ও বিধিমালার বিধানাবলী, নিরীক্ষা, দাখিলপত্র পরীক্ষা, মূল্য ঘোষণা ও রেয়াত যাচাই, স্পট এ্যাসেসমেন্ট ইত্যাদি সম্পর্কে নিয়মিত প্রতি মাসে ইন-হাউস ট্রেনিং প্রদান। | ৩০ অক্টোবর | এ দপ্তরের বিভিন্ন পর্যায়ের প্রায় ৩৫ জন কর্মকর্তা/কর্মচারীগণকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• দাখিলপত্র পরীক্ষা সংক্রান্ত কলাকৌশল বিষয়ে ১ দিনব্যপি।<br>• হিসাব পুস্তক সংরক্ষণ, উৎসে কর কর্তন ও মূসক নিরীক্ষা বিষয়ে 1 দিনব্যপি।<br>• সিগারেটের ব্যান্ডরোল চিহ্নিতকরণ বিষয়ক কর্মশালা ১ দিনব্যপি। |
| ৪. নিয়মিত রাজস্ব আদায় পর্যালোচ | কমিশনারেট/বিভাগীয় দপ্তর/সার্কেল দপ্তর পর্যায়ে নিয়মিত রাজস্ব পর্যালোচনা সভা অনুষ্ঠান নিশ্চিত করা। | প্রতি মাসের ২০ তারিখ | এ দপ্তরের রাজস্ব পর্যালোচনা সভা যথাসময়ে অনুষ্ঠিত হচ্ছে। প্রতি মাসের রাজস্ব পর্যালোচনা সভার কার্যবিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করা হচ্ছে। |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'1৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ৫. যথাযথ হিসাব কোডে রাজস্ব জমা প্রদান এবং প্রমাণপত্র ভিত্তিক রাজস্ব আদায় তথ্য সরবরাহ। | ট্রেজারী চালানের ক্ষেত্রে সঠিক হিসাবের কোড ব্যবহার করা হয়েছে কি-না এবং উক্ত ট্রেজারী চালান/ এ্যাকাউন্টস অফিসের সনদ এর বিপরীতে রাজস্ব আদায়ের তথ্য প্রদান করা হয়েছে কি-না এ বিষয়টি পরীক্ষা করে নিশ্চিত করতে হবে। | পরবর্তী মাসের ১৫ তারিখে তথ্য জারাবোতে প্রেরণ | বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর দপ্তরে **জুন'১৭ পর্যন্ত** রাজস্ব আদায়ের পরিমাণ ৩৬,৯৮৩.৫০ কোটি টাকা। অপরদিকে সিজিএ কর্তৃক প্রদর্শিত রাজস্বের পরিমাণ ৩৫,৯৭৬.৮২ কোটি টাকা যা এ দপ্তরের আদায়কৃত রাজস্বের তুলনায় ১০০৬.৬৮ কোটি টাকা কম।<br>উল্লেখ্য, এ দপ্তর কর্তৃক জুন'১৭ করমেয়াদের প্রদর্শিত রাজস্ব জুলাই'১৭ মাসে জমাকৃত ভ্যাট বাবদ ৫৭৫.৫২ কোটি টাকা ও সম্পূরক শুল্ক বাবদ ৮২৭.৫১ কোটি টাকা সিজিএ এর Economic Detail Source Report এ অন্তর্ভুক্ত করা হলে এ দপ্তর কর্তৃক 2016-17 অর্থবছরের আদায়কৃত রাজস্বের সাথে সিজিএ কর্তৃক প্রদর্শিত রাজস্বের মধ্যে বাস্তবে কোন পার্থক্য থাকবে না বলে এ দপ্তর মনে করে।<br>## নভেম্বর ২০১৭ পর্যন্ত এ দপ্তরের সকল ট্রেজারী চালান অনলাইনে যাচাই সম্পন্ন করা হয়েছে। সিজিএ কর্তৃক আইবাস সফটওয়্যারের হালনাগাদের কার্যক্রম চলমান। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে সিজিএ হতে তথ্য প্রাপ্তি সাপেক্ষে নভেম্বর'১৭ মাস পর্যন্ত রাজস্ব রিকনসিলেশন সম্পন্ন করা সম্ভব হবে। |
| ৬. ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও তথ্য হালনাগাদকরণ। | ইউনিট প্রোফাইল প্রস্তুতকরণ ও হালনাগাদ করতে হবে। | পরবর্তী মাসের 10 তারিখ | হালনাগাদের কার্যক্রম সম্পন্ন। |
| ৮. তুলনামুলক কম রাজস্ব প্রদানকারী | কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের পরিস্থিতি | প্রতি মাসের ২৫ তারিখ | বৃহৎ ৫০টি প্রতিষ্ঠানের রাজস্ব তথ্য পর্যালোচনা করা হয় এবং তুলনামূলক কম রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যথাযথ |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-6**

দ্বিতীয় অংশ : ৩। রাজস্ব সংক্রান্ত ক) পণ্য খাত :-

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'17 পর্যন্ত) |
|---|---|---|---|
| ১. সিগারেট, বিড়ি ও তামাক জাতীয় পণ্যের রাজস্ব বৃদ্ধি | বিড়ি, সিগারেট, জর্দা, গুলসহ তামাক জাতীয় পণ্যের ক্ষেত্রে ধার্যকৃত প্রবৃদ্ধি অনুযায়ী রাজস্ব আদায় নিশ্চিত করা ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরবর্তী মাসের 1৫ তারিখ | সিগারেট খাতে আদায়কৃত রাজস্ব তথ্যের বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। এ খাতে গত বছরের তুলনায় নভেম্বর'1৭ পর্যন্ত ৮৪৭.১৪ কোটি বা ১৩.৬২% রাজস্ব বেশী আদায় হয়েছে।<br><br>উৎপাদন ও সরবরাহ যথাযথভাবে মনিটর করার লক্ষ্যে এসআরও এর বিধান অনুযায়ী কারখানায় সার্বক্ষণিক ভাবে সহকারী রাজস্ব কর্মকর্তা ও সিপাই পদস্থ করা হয়েছে। এছাড়া, নিয়মিতভাবে বিভাগীয় কর্মকর্তা প্রতিদিনের উৎপাদন, সরবরাহ ও রাজস্ব তথ্য সংগ্রহ করে মোবাইল এসএমএস এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করছেন। |
| ২. নিয়মিত দাখিলপত্র প্রদানের হার বৃদ্ধি ও দাখিলপত্র পরীক্ষা | যে সব প্রতিষ্ঠানের ক্ষেত্রে দাখিলপত্র দাখিলের বাধ্যবাধকতা রয়েছে তারা যেন নিয়মিত মাসিক দাখিলপত্র (মূসক-১৯) স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করে সে ব্যাপারে | পরবর্তী মাসের ২০ তারিখ | এ দপ্তরের মোট সক্রিয় প্রতিষ্ঠানের সংখ্যা ১57টি। দাখিলপত্র প্রদানের হার 100%। দাখিলপত্র পরীক্ষার হার ১০০%। চলতি অর্থবছরে গোয়েন্দা কার্যক্রম ও দাখিলপত্র পরীক্ষা করে ১৯২০.৭১ কোটি টাকার রাজস্ব ফাঁকির তথ্য উদঘাটন করা |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-৭**

দ্বিতীয় অংশ : ৩। রাজস্ব সংক্রান্ত খ) সেবা খাত :-

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'1৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ২. উৎসে কর্তিত মূসক আদায় | মোট ১০ ধরণের উৎসে কর্তনকারী প্রতিষ্ঠান হতে উৎসে কর্তিত মূসকের বিবরণী প্রস্তুত ও জারাবোতে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | পরবর্তী মাসের 1৫ তারিখ | শুধুমাত্র উৎসে মূসক কর্তন করে এ ধরণের কোন প্রতিষ্ঠান বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তরে নেই। |
| ৩. উৎসে কর্তিত মূসক আদায় | উৎসে কর্তনকারী প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, প্রধান নির্বাহীর নাম ও টেলিফোন নম্বরসহ হালনাগাদ তালিকা প্রণয়ন করতে হবে। | পরবর্তী মাসের 1৫ তারিখ | উৎসে কর্তনকারী প্রতিষ্ঠানের নাম-ঠিকানা, প্রধান নির্বাহীর নাম ও টেলিফোন নম্বরসহ সংরক্ষণ করা আছে। |
| **দ্বিতীয় অংশ : ৩। সামগ্রিক কর্মকৌশল :** | | | |
| ৩. নতুনভাবে আরোপিত মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আদায় | নতুনভাবে যে সকল পণ্য/সেবা খাতে মূসক, সম্পূরক শুল্ক ও সারচার্জ আরোপ করা হয়েছে সে সকল খাতকে বিশেষ নজরদারির মাধ্যমে রাজস্ব আদায় নিশ্চিত করতে হবে। | পরবর্তী মাসের ২০ তারিখ | এ বিষয়ে প্রতি মাসে পর্যালোচনাসহ জাতীয় রাজস্ব বোর্ডের পরিসংখ্যান ও মনিটরিং শাখায় নিয়মিতভাবে তথ্য প্রেরণ করা হয়। |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

## চলমান-৮

### নিরীক্ষা কার্যক্রম

| BIP এর কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'1৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ১. নিরীক্ষা পরিকল্পনা | আগামী ২০১৭-১৮ অর্থবছরের মূল্য সংযোজন কর প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের নিরীক্ষা পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ২৫ আগস্ট | ➢ বর্তমানে এ দপ্তর হতে 64টি প্রতিষ্ঠানের নিরীক্ষা আদেশ দেয়া আছে। ইতোমধ্যে 2৭ টি প্রতিষ্ঠানের নিরীক্ষা কার্যক্রম সম্পন্নপূর্বক 2৭ টি প্রতিবেদন দাখিল করা হয়েছে যাতে উদঘাটিত রাজস্ব ১৩৫৮.৮৯ কোটি টাকা; যার মধ্যে আদায় ৮.35 কোটি টাকা। বাকী প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা কার্যক্রম চলমান আছে। |
| ৪. বকেয়া রাজস্ব আদায় | নিরঙ্কুশ চূড়ান্ত বকেয়া রাজস্ব আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩০ অক্টোবর | চলতি অর্থবছরের নভেম্বর ২০১৭ পর্যন্ত বকেয়া রাজস্ব আদায়ের পরিমাণ ২৩২৫.1৪ কোটি টাকা। নিরংকুশ বকেয়া রাজস্ব আদায় এর বিষয়ে নির্ধারিত সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং- ১৩/মূসক/২০০৬ অনুযায়ী তালিকা প্রস্তুত ও মূল্য সংযোজন কর আইন ও বিধি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। |
| ৮. বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম গ্রহণ | বন্ধ প্রতিষ্ঠানের উপকরণ ও তৈরি পণ্যের মজুদ যথাসময়ে লিপিবদ্ধকরণ ও বন্ধ প্রতিষ্ঠানের কার্যক্রম ও অস্তিত্ব যাচাইপূর্বক আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরবর্তী মাসের ৭ তারিখ | এ দপ্তরের ৯টি প্রতিষ্ঠান বন্ধ ও ৪ টি প্রতিষ্ঠান একীভূত হয়েছে। |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-৯**

| কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'১৭ পর্যন্ত) |
|---|---|---|---|
| ১. মামলা নিষ্পত্তি | প্রতি তিন মাসের মধ্যে ১০% মামলা নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ। | ৩০ সেপ্টেম্বর/১৭ | **আপীলাত ট্রাইব্যুনাল** : আপীলাত ট্রাইব্যুনালে ১১০৪ কোটি টাকার ২টি মামলা এ দপ্তর থেকে দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করায় ইতোমধ্যে শুনানী কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। অনতিবিলম্বে সরকার পক্ষে রায় পাওয়া যাবে।<br><br>**হাইকোর্ট বিভাগ** : হাইকোর্ট বিভাগে বিচারাধীন ১০টি মামলা (জড়িত রাজস্ব ২৩৮৪.৯৮ কোটি) দ্রুত নিষ্পত্তির জন্য এ দপ্তর থেকে দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে, পেপারবুক তৈরি করা হয়েছে, বিজ্ঞ এটর্নি জেনারেল এর সাথে সাক্ষাত করা হয়েছে এবং কজলিস্টে অন্তর্ভুক্তি করা হয়েছে। অনতি বিলম্বে উক্ত মামলা নিষ্পত্তি হবে মর্মে আশা করা যায়। |
| ৪. বিকল্প বিরোধ নিষ্পত্তি | বিচারাধীন মামলা সমূহের মধ্যে বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থার মাধ্যমে নিষ্পত্তি mobilize করতে হবে। | পরবর্তী মাসের ১০ তারিখ | **বৃহৎ করদাতা ইউনিট, ভ্যাট দপ্তরে বিকল্প বিরোধ নিষ্পত্তি জন্য-**<br>❑ মোট আবেদন ৯টি;<br>❑ জড়িত রাজস্ব ১৩.৪৭ কোটি টাকা;<br>❑ এডিআর এর সিদ্ধান্ত মোতাবেক নিস্পত্তি হয়েছে ৫টি মামলা;<br>❑ **আদায় হয়েছে ৭.১৩ কোটি টাকা।** |

# বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP)

**চলমান-৯**

| কৌশলগত লক্ষ্য | BIP তে উল্লিখিত কার্যক্রম | বাস্তবায়নের সময়কাল | গৃহীত কার্যক্রম ও ফলাফল (নভেম্বর'17 পর্যন্ত) |
|---|---|---|---|
| ৩. আকস্মিক পরিদর্শন। | ভ্যাট আইন, ১৯৯১ এর ধারা ২৬ এর বিধান মোতাবেক করদাতার উৎপাদন/সরবরাহ বা সেবা প্রদানস্থল আকস্মিক পরিদর্শন করতে হবে। | পরবর্তী মাসের ২০ তারিখ | ▪ গোয়েন্দা কার্যক্রম ও দাখিলপত্র পরীক্ষা: মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 55(1) মোতাবেক প্রাথমিক দাবিনামা জারি করা হয়েছে মোট ৪৮টি, জড়িত রাজস্ব ১৯২০.৭১ কোটি টাকা যার বিপরীতে আদায় হয়েছে ৪৬.০৮ কোটি টাকা।<br>▪ চূড়ান্ত দাবিনামা জারি : মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 55(3) মোতাবেক চূড়ান্ত দাবিনামা জারি করা হয়েছে মোট ১২টি, জড়িত রাজস্ব ১০৩২.৩৩ কোটি টাকা, আদায় ২.৪৮ কোটি টাকা।<br>▪ সুদ আদায়ের জন্য দাবিনামা জারি : মূল্য সংযোজন কর আইন, 1991 এর ধারা 37(3) মোতাবেক সুদ আদায়ের জন্য দাবিনামা জারি করা হয়েছে মোট 04 টি, জড়িত রাজস্ব ৩.৩০ কোটি টাকা (প্রায়), আদায় হয়েছে ১.৩৩ কোটি টাকা। |